R. N. No. 2532/57

Phone No. RGG.112

Regd No.—WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৩৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )

বিবাহ উৎসবে
ভি, ডি ও ক্যাসেট স্যুটিং
এর জন্য যোগাযোগ করুন—
ষ্টুডিও চিত্রশ্রী
রঘুনাথগঞ্জ :: মুর্শিদাবাদ

৭৫শ বর্ষ
৩ শ সংখ্যা

রঘুনাথগঞ্জ ৩রা ফাল্গুন বুধবার, ১৩৯৫ সাল।
১৫ই ফেব্রুয়ারী, ১৯৮৯ সাল।

নগদ মূল্য : ৪০ পয়সা
বার্ষিক ২০

## কলেজ শিক্ষকদের কর্মদক্ষতার রিপোর্ট চাইলেন ডি পি আই

বিশেষ সংবাদদাতা : বিশেষ সূত্র থেকে জানা যায় নতুন স্কেল চালু করার পরিপ্রেক্ষিতে ডি পি আই এক সারকুলার পাঠিয়ে কলেজ শিক্ষকদের দক্ষতার রিপোর্ট চেয়েছেন। সেই অনুযায়ী শিক্ষকদের কাজের রিপোর্ট আগামী মার্চ মাসের মধ্যে ডি পি আই এর কাছে পাঠাতে হবে। এই রিপোর্টে গত তিন বছরে শিক্ষকরা কত ছুটি ভোগ করেছেন, কত পুরো ক্লাস করেছেন এবং কলেজে কোন বছরে কত দিন ৫ কুড় ক্লাস হয়েছে জানাতে হবে। এমন কি কোন্ কোন্ কারণে ক্লাস করা হয়নি তাও বিস্তারিত জানাতে হবে। এই সমস্ত কাজের ভিত্তিতেই তাঁদের কর্মদক্ষতার বিচার করে প্রমোশন প্রভৃতি দেওয়া হবে বলে জানা যায়। শিক্ষকদের প্রোক্যারিকুলাম একটি-ভিটির সম্বন্ধেও রিপোর্ট চাওয়া হয়েছে। কোন শিক্ষক কিভাবে সাংবাদিকতা, লেখক, কবি বা সামাজিক উন্নতির কার্য্যাবলীর সাথে জড়িত রয়েছেন তাও জানাতে বলা হয়েছে। উল্লেখ্য, জঙ্গিপুর কলেজেও এই সম্বন্ধে খোঁজ খবর করার জন্য একটি কমিটি গঠিত হয়েছে। কমিটিতে রয়েছেন কলেজ অধ্যাপকদের মধ্যে কালিদাস চ্যাটার্জী, মানিকলাল মাঝি, গৌতম ভট্টাচার্য্য ও দিলীপ চ্যাটার্জী।

## এ যুগেও চিকিৎসার অভাবে গ্রামীণ মানুষ ধুঁকছে

আহিরণ : সুতী ১নং ব্লকের হারোয়া, বংশবাটী, বহুতালী গ্রাম পঞ্চায়েত-গুলির প্রায় ৩০ হাজার গ্রামীণ মানুষের জন্য আধুনিক তো দূরের কথা সাধারণ চিকিৎসারও ব্যবস্থা নেই। স্বাধীনোত্তর কালে এই সমস্ত মানুষের জন্য হিলোড়া ও বহুতালী গ্রামে ২টি উপস্বাস্থ্যকেন্দ্র খোলা হয়। কোন রকমে কুড়ি বছর চলার পর বিগত ১৫ বছর ধরে ডাক্তার, নার্স ও কর্মচারীর অভাবে সে দুটি হাসপাতাল প্রায়ই অচল হয়ে রয়েছে। খাতা কলমে কয়েকজন সাধারণ কর্মী দেখানো হলেও তাঁরা বেতন নেওয়া ছাড়া কোন কাজ করেন না। এমন কি তাঁদের চাক্ষুষ দেখাও কেউ পান না বলে অভিযোগ। এই অবস্থার প্রধান কারণ হলো যাতায়াতের অসুবিধা। গ্রামগুলি সবই মুর্শিদাবাদ জেলার অন্তর্গত, কিন্তু স্থলপথে মহকুমা শহর, থানা, ব্লক বা জেলা শহরের সাথে এদের কোন যোগাযোগ নেই। ১৯৭৪ সালে ফিডার ক্যানেল চালু হওয়ার পর থেকে গ্রামগুলি জলমগ্ন হয়ে সম্পূর্ণ (শেষ পৃষ্ঠায়)

## নির্বাচন ক্ষেত্র নিয়ে দলবাজীর অভিযোগ

সাগরদীঘি : স্থানীয় ব্লকের অন্তর্গত মনিগ্রাম এবং বলরামবাটী দুটি মৌজা নিয়ে দুটি বুথ বহুপূর্ব হতেই নির্দিষ্ট রয়েছে। এ দুটির নাম মনিগ্রাম উত্তর ও মনিগ্রাম দক্ষিণ। বর্তমানে ভোটার সংখ্যা বৃদ্ধি পাওয়ায় আরো একটি নতুন বুথের প্রয়োজন দেখা দিয়েছে। এরই পরিপ্রেক্ষিতে প্রশাসনিক আদেশানুযায়ী বিডিও-কে নির্বাচনী বুথ-গুলি পুনর্বিন্যাস করার ভার দেওয়া হয়। গ্রামবাসীদের অভিযোগ, বিডিও বাদলচন্দ্র দাস কোন রাজনৈতিক দলের সাথে আলোচনা না করে শাসন ক্ষমতায় অধিষ্ঠিত বিশেষ এক রাজনৈতিক দলের স্বার্থে কেন্দ্রগুলির বিন্যাস করছেন। পূর্বে বলরামবাটী মৌজায় প্রয়োজন অনুযায়ী ভোটার না থাকায় মনিগ্রাম থেকে ২৭৩ জন ভোটারকে উক্ত মৌজায় অন্তর্ভুক্ত করা হয়। সেক্ষেত্রে বর্তমানে বলরামবাটী মৌজায় ভোটার সংখ্যা যথেষ্ট বৃদ্ধি পাওয়ায় মনিগ্রাম অঞ্চলের ভোটার-দের নাম বলরামবাটী থেকে সরিয়ে মনিগ্রামে আনা উচিৎ ছিল। কিন্তু তা না করে বা তাঁদের বক্তব্যকে কোন গুরুত্ব না দিয়ে বি ডি ও এবং ই ও পি দু'জনে নিজেদের খুশীমত ক্ষেত্র নির্বাচন করেন বলে অভিযোগ। তাঁরা মনিগ্রাম উত্তর নির্বাচন ক্ষেত্র যেমন ছিল তেমনিই রেখে দিলেন। ফলে মনিগ্রাম উত্তর নির্বাচন ক্ষেত্রে বাড়ী হওয়া সত্ত্বেও বেশ কিছু সংখ্যক ভোটারের নাম দক্ষিণ নির্বাচন ক্ষেত্রে রয়ে গেল। গ্রামবাসীদের দাবী তা না করে যদি বলরামবাটী মৌজাকে পৃথক নির্বাচন ক্ষেত্র করে মনিগ্রামকে উত্তর দক্ষিণে ভাগ করা হতো তবে কারো কোন অসুবিধা হতো না।

## থাকতে বলদ না বয় হাল

জঙ্গিপুর : মিঠিপুর ও গিরিয়া দুটি ডাকঘরে টেলিফোনের পাবলিক কল অফিস চালু হওয়ার পরপরই লাইন অকেজো হয়ে যায়। এখন শুধু সেই লাইনের স্মৃতি হিসেবে পোল ও ছেঁড়া তারগুলি সারা রাস্তায় ছড়িয়ে ছিটিয়ে পথচারীদের বিপদ ঘটাচ্ছে। টেলিফোন মৃত, কিন্তু মৃতের প্রেতাত্মার অত্যাচারে গ্রামবাসীরা অতিষ্ঠ। রাতের অন্ধকারে যানবাহনতো বটেই মানুষজনও পোলে ও ছেঁড়া তারের জটে দুর্ঘটনার শিকার হচ্ছেন। এদিকে টেলিফোন বিভাগ উচ্চ বেতনে এসব তদারকি করতে এখানে একজন টেলিফোন ইন্সপেক্টার রেখেছেন এবং সেই সুবাদে জনৈক স্থানীয় যুবক ঐ পদে সুখে চাকরী করছেন। মৃত টেলিফোনগুলির কুলপঞ্জিকা আমাদের পত্রিকায় তুলে ধরা সত্ত্বেও তাঁর নিদ্রাভঙ্গ করা সম্ভব হয়নি বা উর্দ্ধতন কর্তৃপক্ষকে এক চুলও তৎপর করে তুলতে পারেনি।

পুনরায় জনতা চা : প্রতি কেজি ২৫-০০ টাকা
চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ১৬

সর্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

৩রা ফাল্গুন বুধবার ১৩৯৫ সাল

## কেন পান্থ……?

উপরিলিখিত শিরোনামাংশ 'এ চঞ্চলতা' দিয়া পূরণ করিতে হয়। ইহা গানের একটি কলি। গানের দিকে না গিয়া আমরা 'চঞ্চলতা' কেন তাহাই ব্যক্ত করিতে চাহিতেছি।

আমাদের পত্রিকায় পূর্বে প্রকাশিত এক নিবন্ধে রঘুনাথগঞ্জ গাড়ীঘাট হইতে উমরপুরে ৩৪ নং জাতীয় সড়কের সহিত সংযোগকারী দুই কিলোমিটার রাস্তার জরাব্যধিগ্রস্ততা এবং তজ্জনিত সম্ভাব্য বিপদের কথা লিখিয়াছিলাম। অতঃপর দুই কিমি-র পরিবর্তে ৩৪ কিমি রাস্তার দুর্দশার কথা বলিতেছি। ইহা যেন যথাস্থানে যথাযথজনের দৃষ্টি আকর্ষণ করে এই আশা পোষণ করিতেছি।

সম্প্রতি প্রকাশিত এক সংবাদে দেখা যায় যে, রঘুনাথগঞ্জের উমরপুর একদিকে এবং অন্যদিকে নবগ্রামের সুকীর মোড় ৩৪নং জাতীয় সড়কের সঙ্গে সংযোগকারী এস-এস-জি-আর রোডের যে অবস্থার কথা প্রকাশিত হইয়াছে, তাহার পরিপ্রেক্ষিতে ধারণা করা অসমীচীন নহে যে, পথ-সংস্কারের কোনও দায়িত্ব কাহারও নাই। ৩৪ কিমির এই সড়ক একমাত্র সংযোগকারী সড়কই নহে, পরন্তু ইহা রঘুনাথগঞ্জ, সাগরদীঘি ও নবগ্রাম থানা এলাকার লক্ষাধিক গ্রামবাসীর জেলা ও মহকুমা শহরের সহিত যোগাযোগ রাখিবার একমাত্র অবলম্বন। পথের পিচ উঠিয়া গিয়া পাথরের কঙ্কাল পরিদৃশ্যমান বহু জায়গায়। খানা-খন্দের অভাবও নাই। তাহারই উপর দিয়া মালদহ এক্সপ্রেস, কলিকাতা এক্সপ্রেস, হরিহরপাড়া হইয়া গঙ্গাধরীঘাট এক্সপ্রেস, লোকাল বাস ও লরী প্রতিদিনই পুরাদমে চলিতেছে। এক্সপ্রেস বাস, অথচ তাহার গতিকে 'ব্রেক' চাপ দিয়া রাখিতে হয় আর অবিরত নানাবিধ ঝাঁকুনিতে কাহিল যাত্রীসাধারণের মধুবুলি চালক মহাশয়কে সম্ভবতঃ হজমও করিতে হয় এবং মানসিক প্রতিক্রিয়া 'সাপপ্রেস' করিতেও হয়।

মহকুমা তথা জেলা শহরের সহিত সংযোগ রাখিবার জন্য গ্রামের মানুষদের পক্ষে অপরিহার্য। উপযুক্ত সংস্কারবিহীন এই পথের একদিকে রক্ষণাবেক্ষণের অভাব। অন্যদিকে ইহার উপর যানবাহনাদির ক্রমবর্দ্ধমান চাপ। তাই তাহার দুর্দশা বর্ধিষ্ণু। আবার রঘুনাথগঞ্জ—সুকীর মোর ভায় নবগ্রামের কোথাও যানজট ঘটিলে পথটি একান্তভাবে আবশ্যকও হয়। এমত অবস্থায় সংশ্লিষ্ট বিভাগের এখনই সচেষ্ট হওয়া প্রয়োজন। পথের অতিক্ষুদ্র অংশ সারান হইয়াছে। সম্পূর্ণ সংস্কার কবে শেষ হইবে, জানা নাই। গ্রামের মানুষদের অসুবিধার কথা চিন্তা করা হউক—এই জন্যই বাসযাত্রীদের তথা আমাদের চঞ্চলতা।

## চিঠি-পত্র

( মতামত পত্র লেখকের নিজস্ব )

### রবীন্দ্রসদন বুকিং বাতিল করা সম্পর্কে

সম্প্রতি স্থানীয় কিছু পত্র পত্রিকায় এই মর্মে সংবাদ প্রকাশিত হয়েছে যে, ভারতের ছাত্র ফেডারেশনের সম্মেলনের জন্য কনভেনশন অন কম্যুনালিজম এণ্ড থ্রেট টু ডাইভারসিটি সংস্থার বুকিং বাতিল করে অবৈধভাবে ভারতের ছাত্র ফেডারেশনকে ২০-১-৮৯ থেকে ২৪-১-৮৯ পর্যন্ত রবীন্দ্রসদন ভাড়া দেওয়া হয়েছে। খবরের মূল সুর ছিল শাসক দলকে সন্তুষ্ট করার জন্যই বহরমপুর রবীন্দ্র সদন কর্তৃপক্ষ এই কাজ করেছেন। আরো লেখা হয়েছিল কনভেনশন সুবিচারের আশায় হাইকোর্টের দ্বারস্থ হয়েছিল এবং অন্তবর্তীকালীন আদেশ পেয়েছেন।

কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় সংবাদপত্রগুলি এই খবর প্রকাশের সময় রবীন্দ্রসদন কর্তৃপক্ষের কাছ থেকে খবরের সত্যতা যাচাই করার কোন প্রচেষ্টাই নেননি।

যাই হোক গত ১৭-১-৮৯ তারিখে কলকাতা হাইকোর্টের মাননীয় বিচারপতি শ্রীসুশান্ত চ্যাটার্জীর আদালতে শুনানীর পর ভারতের ছাত্র ফেডারেশনই ২০-১-৮৯ থেকে ২৪-১-৮৯ পর্যন্ত রবীন্দ্র সদনের দাবীদার বলে স্বীকৃত হন। এবং রবীন্দ্রসদন কর্তৃপক্ষের ভুলের জন্য কনভেনশনের আর্থিক ক্ষতি মোচনের জন্য কনভেনশনের উদ্যোক্তাদের বহরমপুর রবীন্দ্রসদন থেকে ১৭০০-০০ টাকা দেওয়ার জন্য আদেশ দেন। কনভেনশনের উদ্যোক্তারা পুনরায় ২০-১-৮৯ তারিখে মাননীয় প্রধান বিচারপতি ও মাননীয় বিচারপতি শ্রীঅজিত সেনগুপ্তের ডিভিশন বেঞ্চে আপীল করেন। সেখানেও মাননীয় বিচারকদ্বয় ভারতের ছাত্র ফেডারেশনের দাবী যথার্থ বলে রায় দেন এবং সেই মত ভারতের ছাত্র ফেডারেশন ২০-১ ৮৯ থেকে ২৪-১-৮৯ পর্যন্ত রবীন্দ্রসদন ব্যবহার করেন।

প্রকাশ থাকে যে, মাননীয় বিচারপতি শ্রীসুশান্ত চ্যাটার্জীর আদেশ মত কনভেনশনের উদ্যোক্তাদের ১৭০০-০০ টাকা ২০-১-৮৯ তারিখে প্রদান করা হয়েছে। আরো উল্লেখ থাকে যে, রবীন্দ্রসদন কর্তৃপক্ষ কনভেনশনের উদ্যোক্তাদের যে চিঠি দিয়েছিলেন তাতে বুকিং এর ক্ষেত্রে ভুলের কথা স্বীকার করে দুঃখ প্রকাশ করেছিলেন। কিন্তু কনভেনশনের উদ্যোক্তারা যে কারণেই হোক প্রকৃত তথ্য জানার কোন রকম চেষ্টা না করেই হাইকোর্টের দ্বারস্থ হন এবং সংবাদপত্রগুলি তাঁদের প্রকাশিত বিবৃতির ভিত্তিতেই সংবাদ প্রকাশ করে কিছু বিভ্রান্তির সৃষ্টি করেন।

সংবাদপত্রগুলি যদি কনভেনশনের অভিযোগের পরিপ্রেক্ষিতে রবীন্দ্রসদন কর্তৃপক্ষের বক্তব্য জেনে তাঁদের সংবাদ প্রকাশ করতেন তবে তাঁরা তাদের মহৎ দায়িত্ব পালনের ক্ষেত্রে একদেশদর্শিতার প্রমাণ না দিয়ে নিজেদের গুরুত্বকে আরো উজ্জ্বল করে তুলতে পারতেন।

যাই হোক প্রকৃত তথ্য প্রকাশের স্বার্থে এবং রবীন্দ্র সদন কর্তৃপক্ষের সম্বন্ধে ভুল ধারণা নিরসনের জন্য অন্ততঃ এই প্রতিবেদন আপনার পত্রিকায় প্রকাশিত হওয়া প্রয়োজন।

আশাকরি প্রতিবেদনটি প্রকাশ করে বাধিত করিবেন।

ধন্যবাদান্তে—

ভবদীয়

উৎপল ঝাঁ

সদস্য, সম্পাদক. বহরমপুর রবীন্দ্র সদন ও

জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক,

মুর্শিদাবাদ।

[আমরা আমাদের পত্রিকায় হাইকোর্ট কর্তৃক অন্তর্বর্তী স্থগিতাদেশ উল্লেখ করেছি মাত্র। কিন্তু পরবর্তীতে যদি হাইকোর্টের রায় তাঁদের পক্ষে না গিয়ে থাকে তবে সেক্ষেত্রে আমাদেরকে একদেশদর্শীতার দায়ে অভিযুক্ত করা নিশ্চয়ই চলে না।

—সম্পাদক, জঃ সঃ]

## বোমা তৈরী করতে গিয়ে জখম

জঙ্গিপুর : গত ২৯ জানুয়ারী হাতিবান্ধা গ্রামে তবজুল সেখ (গুধা) বোমা তৈরী করতে গিয়ে জখম হয়। তাকে প্রথমে কৃষ্ণপুর হাসপাতালে ও পরে বহরমপুর হাসপাতালে পাঠানো হয়। গ্রামবাসীদের অভিযোগ, তবজুল একজন সমাজবিরোধী। কিছুদিন পূর্বে সে ঐ গ্রামেরই জনৈক কংগ্রেস সমর্থক সৈয়বুর রহমানকে মারধোর করে। তবজুলের বিরুদ্ধে থানায় বহু অভিযোগ থাকলেও রাজনৈতিক দলের চাপে পুলিশ তার বিরুদ্ধে কোন ব্যবস্থা নিচ্ছে না। আহত তবজুলকে বামহাতটি কেটে বাদ দিতে হয়েছে বলে হাসপাতাল সূত্রে প্রকাশ।

## মাধ্যমিকে নতুন কেন্দ্র

সাগরদীঘি : এ বছরে মাধ্যমিক পরীক্ষার্থীদের জন্য বোখারা হাজি জুবেদ আলি হাই স্কুলে একটি নতুন কেন্দ্র খোলা হচ্ছে বলে বিশ্বস্ত সূত্রে জানা যায়।

## আইন সংক্রান্ত সাহায্য দান আলোচনা চক্র

সাগরদীঘি : এই ব্লকের বোখারা হাজী জুবেদ আলি হাই স্কুলে গত ২ ফেব্রুয়ারী জঙ্গিপুর মহকুমা আইনগত সাহায্য ও উপদেশ দান কমিটির ব্যবস্থাপনায় এক আলোচনা চক্রের আয়োজন করা হয়। সভায় জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি ও গ্রাম পঞ্চায়েত প্রধান ও সদস্যগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সাগরদীঘি পঞ্চায়েত সমিতির সভাপতি কানাইলাল চক্রবর্তী এবং প্রধান অতিথি ছিলেন ঐ স্কুলের প্রধান শিক্ষক আবদুস কুদ্দুস। উদ্বোধনী ভাষণে জঙ্গিপুর মহকুমা শাসক রাজেন্দ্র-শংকর শুক্লা বলেন পশ্চিমবঙ্গ সরকার প্রকৃত গরীবকে আইন সাহায্য দেওয়ার ব্যবস্থা করেছেন। কিভাবে করা হবে সেটা তিনি ব্যাখ্যা করেন। কমিটির সচিব আরফান আলি বিশ্বাস বলেন, এই আইনী সাহায্য যাতে প্রকৃত ব্যক্তির কাছে পৌঁছে দেওয়া যায় তার জন্য সবাইকে চেষ্টা করতে হবে। ১৯৮১ সনের জানুয়ারী মাস থেকে এই ব্যবস্থা চালু করা হয়। গ্রামে যাঁদের বার্ষিক আয় পাঁচ হাজার টাকা এবং শহরে সাত হাজার টাকা সেই সব ব্যক্তি সাহায্য পাবেন। সাগরদীঘি বিডিও বাদলচন্দ্র দাস বলেন, সাগরদীঘি ব্লকে এগারটি গ্রাম পঞ্চায়েত। যোগাযোগ বিচ্ছিন্ন গ্রামগুলির জন্য পাকা রাস্তা দরকার। আইনকে বাস্তবে রূপ-দান করতে হলে যাঁরা প্রকৃত দুর্বল তাঁদের খুঁজে বার করতে হবে। সহকারী সভাপতি নিবারণচন্দ্র দাস পঞ্চায়েত সদস্যদের সক্রিয় ভূমিকা নিতে বলেন। মহিলাদের পক্ষে বাসন্তী ভদ্র মেয়েদের প্রতি অবিচারে মহিলা সমিতির কি কর্তব্য তা বুঝিয়ে বলেন। মহকুমা আদালতের আইনজীবী সমিতি আকিমুদ্দিন বিশ্বাস সরকারী আইনগত সাহায্য কি তা ব্যাপক-ভাবে গ্রামাঞ্চলে প্রচারের ব্যবস্থা করতে প্রধানগণকে অনুরোধ জানান।

---

# National Thermal Power Corporation Ltd.

NTPC
नेशनल थर्मल पावर कारपोरेशन

(A GOVERNMENT OF INDIA ENTERPRISE)

## Farakka Super Thermal Power Project

P. O. NABARUN : DIST. MURSHIDABAD (W. B.)
PIN : 742236

## MATERIALS DEPARTMENT

Tender No. FS:42:MD:SDG – C-19/01 Dated : 24. 01. 89

Sealed tenders are invited from experienced materials handling, clearing & transport contractor for working in NTPC/FSTPP Pvt. Rly. Sdg. inside plant site at Farakka for a period of one year. The tenderers should have sufficient past experience and full knowledge of working both in commercial & operational rules of Pvt. Rly. Sdg. of Industrial/organisation of similar nature. Scope of work includes. i) Collection of RRs, taking delivery and handling of steel, cement and misc. items like G I. Pipes, C. I. Pipes and fitings, cable drums, R. C. C, Pipes, lubricant sand chemicals as well as power plant equipments and spares including, transportation at stores/yard & ii) Loading, unloading & stacking of incoming/outgoing consignments at NTPC stores/yard, carried by road by different transport contractors.

## The Terms & Conditions :—

1) Tender documents can be had on request by post or in person on payment of Rs. 100/- by Bank Draft on State Bank of India. Farakka, Indian Postal Order in favour of NTPC Khejuriaghat Post Office or on Cash Payment at our Cash Section. Money order shall not be acceptable.
2) Request/Application for tender documents shall be supported with credentials/documents indicating that the applicant is a bonafied/experienced material handling contractor & executed similar jobs without which tender documents will not be issued.
3) Interested parties are advised to visit the site to familiarise with the site condition, before tendering.
4) The above description of work is only indicative and full details are given in the Tender documents.
5) Bidders shall have to deposit an earnest money for Rs. 25,000/- without which the tender will be rejected outright.
6) The Bidders shall have to submit the latest Income Tax Clearance Certificates alongwith the Bid failing which the offers may be ignored.
7) NTPC reserves the right to accept/reject any application for Tender documents without assigning any reason.
8) Tender documents will be available during office hours except Sunday and holidays.
9) Offers will be opened in the office of Chief Materials Manager/FSTPP at 10-00 A.M. on 17. 3. 89 (Friday) in presence of intending authorised tenderers who may like to attend.
10) NTPC/FSTPP reserve the right to accept/reject any or all tenders without assigning any reasons whatsoever.

**Chief Materials Manager**

## প্রণয়—পরিণতি খুন

ধুলিয়ান : গত ৮ ফেব্রুয়ারী রাত্রি ৯-৩০ নাগাদ সামসেরগঞ্জ থানার কামালপুর গ্রামে জনৈকা বোবা তরুণী আনজিমা খাতুন (২০) খুন হয়। প্রকাশ, ঐ দিন সে কুরশী খেওয়ার বাড়ী থেকে বিড়ি বেঁধে বাড়ী ফিরছিল। তার চিৎকার আশপাশের লোক শুনতেও পায়। পুলিশ এই ঘটনায় ঐ গ্রামের নাজিবুল সেখকে গ্রেপ্তার করে। পুলিশের সন্দেহ মেয়েটির সঙ্গে নাজিবুলের গোপন মেলামেশা ছিল। তারই শেষ পরিণতিতে এই খুন। মেয়েটি অন্তঃসত্ত্বা ছিল বলেও জানা যায়।

## ১৪২ জনের চক্ষু অপারেশন হলো

জঙ্গিপুর : গত ১০ ফেব্রুয়ারী টাউন ক্লাবের উদ্যোগে সর্ব্বমঙ্গলালয় পরিচালিত বিনাব্যয়ে চক্ষু অপারেশন শিবিরে মালদহের প্রখ্যাত চক্ষু চিকিৎসক ডাঃ পিনাকীরঞ্জন রায় ১৪২ জন রোগীর চোখে সাফল্যের সঙ্গে অস্ত্রোপচার করেন। তাঁকে সাহায্য করেন স্থানীয় চিকিৎসক ডাঃ গৌরীপতি চ্যাটার্জী (মণিবাবু), ডাঃ এস এন ভকত ও ডাঃ সরোজকুমার সিন্‌হা।

## ভয়াবহ ডাকাতি—ধৃত ২

অরঙ্গাবাদ : গত ৫ ফেব্রুয়ারী রাতে সুতী থানার গাজিপুর গ্রামে তামিজুদ্দিন সেখের বাড়ীতে এক ভয়াবহ ডাকাতি হয়। ডাকাতদের ছোরার আঘাতে গৃহস্বামী ও তাঁর পুত্র এনামুল জখম হয়। গৃহস্বামী তামিজুদ্দিনকে আশংকাজনক অবস্থায় বহরমপুরে ও এনামুলকে জঙ্গিপুর হাসপাতালে ভর্তি করা হয়। গয়না, বাসনপত্র টেপরেকর্ডার প্রভৃতিতে প্রায় ৩০০০০ টাকার সামগ্রী নিয়ে ডাকাত দল পালিয়ে যায়। পরে পুলিশী তদন্তে ঐ গ্রামের একজন ও পার্শ্ববর্তী গ্রামের আর একজন গ্রেপ্তার হয়। কোন মালপত্র উদ্ধার হয়নি।

## গ্রামীণ মানুষ ধুঁকছে

(১ম পাতার পর)

যোগাযোগ বিচ্ছিন্ন অবস্থায় রয়েছে। সুদীর্ঘ ১৪/১৫ বছরেও এর কোন ব্যবস্থা গড়ে উঠেনি। উপস্বাস্থ্যকেন্দ্র দুটি চালু রাখার জন্য গ্রামবাসীদের সব প্রচেষ্টা এমন কি বিধায়ক শীষ মহম্মদের আন্তরিক চেষ্টাও ব্যর্থ হয়েছে। গ্রামবাসীদের অভিযোগ, জেলা বা মহকুমা প্রশাসন তাঁদের দুরবস্থা দূর করতে তৎপর নন।

## বাস ডাকাতি

ফরাক্কা : গত ৭ ফেব্রুয়ারী সন্ধ্যে ৬টা নাগাদ এই থানার মালঞ্চায় মালদা—ধুলিয়ান রুটের একটি বাসে ডাকাতি হয়। প্রকাশ, বাসটি ফরাক্কা থেকে ধুলিয়ান আসার পথে আকুড়া ও মালঞ্চার মাঝামাঝি কয়েকজন দুর্বৃত্ত যাত্রী হয়ে বাসে উঠে। পরে তারা অস্ত্র দেখিয়ে যাত্রীদের কাছ থেকে ঘড়ি, গরম পোষাক ও কণ্ডাকটরের ব্যাগ থেকে শ পাঁচেক টাকা ছিনিয়ে নিয়ে নেমে পড়ে। পরে পুলিশ তদন্তে মালঞ্চা ও জিগরী গ্রাম থেকে চারজনকে গ্রেপ্তার করে ও কিছু মাল উদ্ধার করে।

## কংগ্রেসের ডেপুটেশন

ধুলিয়ান : গত ৫ ফেব্রুয়ারী স্থানীয় পুলিশের নিক্রিয়তার প্রতিবাদে কংগ্রেসের এক বিক্ষোভ মিছিল শহর পরিক্রমা করে। পরে নয় দফা দাবী সম্বলিত এক স্মারকলিপি বিক্ষোভকারীরা থানায় এসে দিয়ে যান। দাবীগুলির মধ্যে উল্লেখযোগ্য—পুরোনো কয়েকটি কেসের সমাধান, খোলা বাজারে মদের বেপরোয়া কারবার বন্ধ ইত্যাদি।

## ভোটার তালিকার বিশেষ সংশোধন সম্পর্কিত সংশোধিত বিজ্ঞপ্তি


আগামী ১-৪-৮৯ তারিখে যাঁরা ১৮ বৎসরে পদার্পণ করবেন তাঁদের নাম ভোটার তালিকায় অন্তর্ভুক্তির জন্য মুখ্য নির্বাচন আধিকারিকের নির্দেশ মত মুর্শিদাবাদ জেলাতেও ভোটার তালিকার বিশেষ সংশোধনের কাজ শুরু হয়েছে। এই সম্পর্কিত সংশোধিত বিজ্ঞপ্তি সকলের অবগতির জন্য প্রকাশিত হল।

| | |
|---|---|
| ক) বাড়ীতে বাড়ীতে ঘুরে ভোটার তালিকাভুক্তি ও পরিদর্শনের কাজ | ১-২-৮৯ থেকে ৭-৩-৮৯ পর্যন্ত। |
| খ) ভোটার তালিকা প্রস্তুতি ও ছাপানো বা সাইক্লোষ্টাইল করার কাজ | ৮-৩-৮৯ থেকে ৭-৪-৮৯ পর্যন্ত। |
| গ) খসড়া তালিকা প্রকাশ | ৮-৪-৮৯ |
| ঘ) তালিকাভুক্তির দাবী অথবা অভিযোগ দাখিল | ৮-৪-৮৯ থেকে ২৪-৪-৮৯ পর্যন্ত। |
| ঙ) তালিকাভুক্তির দাবী অথবা অভিযোগের নিষ্পত্তি ও ছাপানো বা সাইক্লোষ্টাইল করা ভোটার তালিকা প্রকাশ | ২২-৫-৮৯ |
| চ) চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ | ২৩-৫-৮৯ |

উপরোক্ত কাজ সুচারুরূপে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামনা করা হচ্ছে।

জেলা সমাহর্ত্তা,
মুর্শিদাবাদ

পশ্চিমবঙ্গের সিমেন্ট একটি
যাতে আছে স্টীলের শক্তি



দুর্গাপুর সিমেন্ট
একটি বিড়লা প্রতিষ্ঠান
ফ্যাক্টরী : দুর্গাপুর-৭১৩২০৩ (পশ্চিমবঙ্গ)
কলকাতা অফিস : বিড়লা বিল্ডিং, ৯/১ আর এন মুখার্জী রোড, কলকাতা-৭০০ ০০১
DPS/DC 885

ফ্রি সেলে নন লেভি এ সি সি এল এণ্ড টি সমেন্ট রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুরে সরবরাহ করে থাকি কোম্পানীর অনুমোদিত ডিলার

ইউনাইটেড ট্রেডিং কোং
প্রোঃ রতনলাল জৈন
পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)
ফোন জঙ্গিঃ ২৫, রঘুঃ ১৬৮

বসন্ত মালতী
রূপ প্রসাধনে অপরিহার্য
সি, কে, সেন এ্যাণ্ড কোং লিমিটেড
কলিকাতা ॥ নিউ দিল্লী

সুযোগ নিন। এখন থেকে ঘরে বসেই আপনার দেয় করের (Tax) রিটার্ণ, আইনানুগ হিসাব (Accounts) সংরক্ষণ এমন কি অডিট করিয়ে নিন।
যোগাযোগ—
শম্ভুনাথ চ্যাটার্জী
প্রযত্নে বিশ্বপতি চ্যাটার্জী
পাকুড়তলা ॥ রঘুনাথগঞ্জ ॥ মুর্শিদাবাদ

রঘুনাথগঞ্জ (পিন—৭৪২২২৫) পণ্ডিত প্রেস হইতে অরুন্ধতম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।